# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৭৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - আযানের ফযীলত ও মুয়াযযিনের উত্তর দান

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ بِلَالٌ يُنَادِي فَلَمَّا سَكَتَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ قَالَ مِثْلَ هَذَا يَقِينا دخل الْجنَّة» . رَوَاهُ النَّسَائِيّ

## বাংলা

৬৭৬-[২৩] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে যাচ্ছিলাম, বিলাল দাঁড়িয়ে আযান দিতে লাগলেন। আযান শেষে বিলাল চুপ করলে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি অন্তরের দৃঢ় প্রত্যয়ের সাথে এর মতো বলবে, সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে। (নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৬৭৪, সহীহ আল জামি‘ ২৪৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: বিলাল (রাঃ) ডাকলেন, অর্থাৎ- সালাতের জন্য আযান দিলেন। যখন বিলাল (রাঃ) আযান শেষ করলেন তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যে ব্যক্তি অনুরূপ বললো, অর্থাৎ- মুয়াযযিনের বাক্যগুলো জবাব হিসেবে বললো। আর এ বলাটা যদি একেবারে অন্তরের অন্তঃস্থল থেকে খাঁটিভাবে হয়ে থাকে, তাহলে জবাবদাতা মুক্তিপ্রাপ্তদের সাথে জান্নাতে প্রবেশ করবে। সুতরাং আমাদের উচিত আযানের জবাব দেয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55233

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন